

# সংবাদ বিজ্ঞপ্তি

## PRESS RELEASE



# ইসলামী বিশ্ববিদ্যালয়

## ISLAMIC UNIVERSITY

তথ্য, প্রকাশনা ও জনসংযোগ অফিস, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া। ফোন : ০৭১-৭৪৯১০-২১ এক্স : ২২৪১  
ফ্যাক্স : ০৭১-৭৪৯১০-২১, এক্স : ২৪৮৩, মোবাইল : ০১৭১৫-৩৫১২২৬, ০১৮১৭-১২২২৭৪।

স্মারক নং : ইবি/তপ্রজ/সবি-১৬/৭০(২১১)/২০২৩

তারিখ : ২২/০৩/২০২৩ ইং

ইবি'তে ২৫ মার্চ গণহত্যা ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচী গ্রহণ

ইসলামী বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিম্নোক্ত বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছেন। উপলক্ষ্যে কর্মসূচির মধ্যে রয়েছে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উপলক্ষে ২৫ মার্চ শনিবার দিবাগত রাতে গণহত্যায় নিহত এবং মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী বীর শহীদদের রুহের মাগফিরাতের উদ্দেশ্যে কেন্দ্রীয় মসজিদে পবিত্র কুরআনখানি অনুষ্ঠিত হবে।

এছাড়া ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে রাত ৯ টা হতে ৯.১ মিনিট পর্যন্ত (১ মিনিট) ক্যাম্পাস প্রতীকী ব্ল্যাক-আউট করা হবে।  
মাহে রমজানের পবিত্রতা ও ধর্মীয় ভাবগাম্ভীর্য বজায় রেখে ২৬ মার্চ রবিবার সকাল ১১টায় প্রশাসন ভবন চত্বরে গার্ড অব অনারসহ জাতীয় পতাকা উত্তোলন করবেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ আবদুস সালাম এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মাহবুবুর রহমান। এ সময় উপস্থিত থাকবেন মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোঃ আলমগীর হোসেন ভূঁইয়া এবং সম্মানিত রেজিস্ট্রার (ভারঃ) এইচ. এম আলী হাসান। এছাড়া সম্মানিত প্রভোস্টগণ অনুরূপ ভাবে নিজ নিজ হলে পতাকা উত্তোলন করবেন। পতাকা উত্তোলন পর্ব শেষে বেলায় উড়িয়ে দিনব্যাপি কর্মসূচির উদ্বোধন করবেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ আবদুস সালাম।

পতাকা উত্তোলন পর্ব শেষে প্রশাসনভবন চত্বর হতে শহিদ স্মৃতিসৌধ পর্যন্ত মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ আবদুস সালামের নেতৃত্বে শোভাযাত্রা বের করা হবে। শোভাযাত্রায় উপস্থিত থাকবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মাহবুবুর রহমান, মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোঃ আলমগীর হোসেন ভূঁইয়া ও রেজিস্ট্রার (ভারঃ) এইচ. এম আলী হাসান। র্যালিতে অংশগ্রহণ করবে সকল অনুষদ, বিভাগ, হল, সকল পর্যায়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রী, বিভিন্ন সমিতি, পরিষদ, ফোরাম, ইসলামী বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, বিভিন্ন ছাত্র সংগঠন এবং সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনসমূহ। শোভাযাত্রা ক্যাম্পাসের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে শহিদ স্মৃতিসৌধে সমবেত হবে।


শোভাযাত্রা শেষে শহিদ স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ আবদুস সালাম শ্রদ্ধাঞ্জলি নিবেদন করবেন। এসময় তাঁর সাথে থাকবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মাহবুবুর রহমান, মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোঃ আলমগীর হোসেন ভূঁইয়া ও সম্মানিত রেজিস্ট্রার (ভারঃ) এইচ. এম আলী হাসান। এরপর পর্যায়ক্রমে সর্বস্তরের পুষ্পস্তবক অর্পণের জন্য শহিদ স্মৃতিসৌধ উন্মুক্ত করে দেয়া হবে। পুষ্পস্তবক অর্পণ শেষে মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ১মিনিট নিরবতা পালন এবং দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে ২৬ মার্চ রবিবার ১১.৩০টায় রবীন্দ্র-নজরুল কলা ভবনের গগণ হরকরা মিলনায়তনে “বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ” শিরোনামে কুইজ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হবে। কুইজ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ আবদুস সালাম। এ সময় উপস্থিত থাকবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মাহবুবুর রহমান, মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোঃ আলমগীর হোসেন ভূঁইয়া এবং সম্মানিত রেজিস্ট্রার (ভারঃ) এইচ. এম. আলী হাসান।

এছাড়া মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী বীর শহিদদের রুহের মাগফিরাতের উদ্দেশ্যে বাদ যোহর কেন্দ্রীয় মসজিদে এবং হল মসজিদসমূহে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হবে।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উপলক্ষ্যে হল কর্তৃপক্ষের আয়োজনে ২৬ মার্চ রবিবার রাতে হলসমূহে উন্নত খাবার পরিবেশন করা হবে।

গাড়ীর সময়সূচীঃ ২৬ মার্চ সকাল ১০ টায় কুষ্টিয়া, ঝিনাইদহ ও শৈলকুপা হতে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রয়োজনীয় সংখ্যক বাস নির্ধারিত রুটে ক্যাম্পাসে আসবে এবং অনুষ্ঠান শেষে ক্যাম্পাস ছেড়ে যাবে। ইসলামী বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে উপর্যুক্ত কর্মসূচিতে মাহে রমজানের পবিত্রতা ও ধর্মীয় ভাবগাম্ভীর্য বজায় রেখে স্বাস্থ্যবিধি মেনে অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। সংবাদ বিজ্ঞপ্তি



(মোঃ সাহেদ হাসান)

উপ-রেজিস্ট্রার

তথ্য, প্রকাশনা ও জনসংযোগ অফিস

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

তারিখ : ২২/০৩/২০২৩ইং।